# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-১০. আল্লাহর প্রতি গভীর ভালোবাসা

আল্লাহ্ সুবহানাহু তা'আলার প্রতি গভীর ভালোবাসা ঈমানেরই অন্যতম অংশ। কালামে হাকীমে বলা হয়েছে,

وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللَّهِ أَندَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ ۖ وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِّلَّهِ

‘মানুষের মধ্যে এমনও রয়েছে যারা অন্যকে আল্লাহর মত মনে করে এবং তাদেরকে সেই রকম ভালোবাসে যেমন ভালোবাসা হয় আল্লাহকে। অথচ যারা ঈমানদার তারা আল্লাহকেই সবচেয়ে বেশী ভালোবাসে।[১]

আনাস (রাঃ) থেকে বর্ণিত সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমের এক হাদীসে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেন,

ثلاث من كن فيه وجد بهن حلاوة الإيمان من كان الله ورسوله أحب إليه مما سواهما وان يحب المرء لا يحبه إلا الله وان يكره أن يعود في الكفر بعد أن أنقذه الله منه كما يكره أن يقذف في النار

‘তিনটি জিনিস যার মধ্যে রয়েছে, সে ঈমানের প্রকৃত স্বাদ অনুভব করতে পেরেছে। ১. যার কাছে আল্লাহ্ ও তার রাসূল (সা.) সবচেয়ে বেশী প্রিয়। ২. কেবলমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্যই অন্যকে ভালোবাসে। ৩. যাকে আল্লাহ্ কুফর থেকে মুক্তি দিয়েছেন, সে পুনরায় কুফরের দিকে ফিরে যাওয়াকে এমন অপছন্দ করে যেমন অপছন্দ করে আগুনে নিক্ষিপ্ত হওয়াকে।[২]

আল সারী আস সাকাতীকে একবার জিজ্ঞেস করা হয়েছিলো, আপনি কেমন আছেন? উত্তরে তিনি নিচের চরণটি আবৃত্তি করেছিলেনঃ

যে জন বুঝে না ভালোবাসা কী

সে কি কখনো হয় রে ব্যাকুল,

সে তো জানেনা কী জ্বালা বিরহে

এ যে হৃদয়ে রণাঙ্গন॥

আবু দুজানা বলেছেন, রাবেয়া বসরী যখন আল্লাহর স্মরণে নিমগ্ন হতেন, তখন নিচের কবিতাটি আবৃত্তি করতেনঃ

তুমি ভান করবে আল্লাহকে ভালোবাসার

আর অমান্য করবে নির্দেশ তাঁর

এ যে ভালোবাসার নামে ভণ্ডামী

দু'জনের মাঝে অথৈ পারাবার

তুমি যদি ভালোই বাসো তাঁকে, তবে-

হওনা কেন অনুগত তাঁর,

প্রেমিকরা তো চিরকাল অনুরাগের বাঁধনে

বাধা থাকে দুজন দুজনার॥

## ফুটনোট

[১]. সূরা আল বাকারা, আয়াত : ১৬৫।

[২]. সহীহ্ আল বুখারী, ঈমান অধ্যায়; যে গুণে গুণান্বিত হলে ঈমানের স্বাদ পাওয়া যায় শিরোনামে। সহীহ মুসলিম, ঈমান অধ্যায়; যেসব গুণে গুণান্বিত হলে ঈমানের স্বাদ পাওয়া যায়' শিরোনাম। অবশ্য সহীহ মুসলিমের হাদীসে দুয়েকটি শব্দের পার্থক্যও রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন